ইত্তেফাক

005

তারিখ 26 MAY 1986
পৃষ্ঠা ২ কলাম ১

# প্রাথমিক শিক্ষার সঙ্কট

প্রকাশিত একটি খবরে জানা যায়, দিনাজপুর জেলায় প্রাথমিক শিক্ষাব্যবস্থা ক্রমেই সঙ্কটের সম্মুখীন হইতেছে। প্রাথমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যাও হ্রাস পাইতেছে। জানা গিয়াছে, ১৩টি উপজেলার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয় ভবনের অবস্থাই প্রায় জরাজীর্ণ। ইহাছাড়াও আছে আসবাবপত্রের অপ্রতুলতা ও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাব। বলা বাহুল্য ইহা কেবল দিনাজপুর জেলার প্রাথমিক শিক্ষারই অবস্থা নয়, এই একই অবস্থা দেশের অন্যান্য স্থানের প্রাথমিক শিক্ষার ক্ষেত্রেও বিদ্যমান। বলিতে গেলে দেশের গোটা প্রাথমিক শিক্ষাব্যবস্থাই নানা সমস্যায় জর্জরিত। কোথাও স্কুল ভবন নাই, কোথাও স্কুল ভবন আছে তো আসবাবপত্র নাই—আবার কোথাওবা প্রয়োজনীয় শিক্ষকেরই অভাব। কোমলমতী শিক্ষার্থীরা কোথাও ভাঙ্গা ঘরে নড়বড়ে বেঞ্চে বসিয়া, কোথাওবা বেঞ্চের অভাবে মাদুর বিছাইয়া তাহাদের প্রাথমিক স্কুল জীবনের এই বিদ্যার্জনের প্রয়াস চালাইতেছে। ইহার সহিত আছে পাঠ্য বইয়ের অভাব এবং কাগজ-কলম, কালি-পেনসিল প্রভৃতির চড়া দাম। বিংশ শতকের এই আশির দশকেও কাগজের অভাবে গ্রামাঞ্চলের দরিদ্র শিক্ষার্থীদের কোথাও কোথাও কলাপাতা ব্যবহার করিতে হয় বলিয়াও শোনা যায়।

নিরক্ষরতা দূরীকরণ ও শিক্ষাবিস্তারের অনেক ভালো ভালো কথাই শোনা যায়, কিন্তু বাস্তব অবস্থা যে কতোটা হতাশাব্যঞ্জক আলোচ্য পরিস্থিতিই তাহার প্রমাণ। দেশে শিক্ষার হার বৃদ্ধি লইয়া কেহ কেহ আত্মপ্রসাদ লাভেরও চেষ্টা করেন, কিন্তু জনসংখ্যা বৃদ্ধির প্রেক্ষাপটে শতকরা ২২ জনের এই শিক্ষিতের হার মোটেই শিক্ষার হার বৃদ্ধি নয়। প্রাথমিক শিক্ষার উন্নয়ন ও অগ্রগতি সম্পর্কে প্রয়োজনীয় চিন্তা-ভাবনা ও সুষ্ঠু পরিকল্পনা থাকিলে জরাজীর্ণ স্কুল ভবন, আসবাবপত্রের অপ্রতুলতা, শিক্ষকের অভাব, পাঠ্য বইয়ের দুষ্প্রাপ্যতা ও কাগজ-কালির মূল্যবৃদ্ধি প্রাথমিক শিক্ষাব্যবস্থাকে এভাবে সমস্যাপীড়িত করিয়া তুলিতে পারিত না।

ইতিপূর্বে প্রাথমিক শিক্ষা সংক্রান্ত এক উচ্চপর্যায়ের পর্যালোচনায় দেখা গিয়াছে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে ড্রপ-আউট বা শিক্ষাজীবন হইতে ছিটকাইয়া পড়ার সংখ্যা রীতিমতো উদ্বেগজনক। আলোচ্য খবরটিতেও ছাত্রসংখ্যা হ্রাসের কথা উল্লেখ করা হইয়াছে। ইহা দেশের সার্বিক শিক্ষা বিস্তারের ক্ষেত্রেই একটি বড় ধরনের অন্তরায়। শহরাঞ্চলে কিণ্ডার গার্টেন স্কুলের সংখ্যা বৃদ্ধি এবং ছাত্র-ছাত্রীর চাপ ও অন্যদিকে গ্রামাঞ্চলের প্রাথমিক স্কুল তথা প্রাথমিক শিক্ষাব্যবস্থার এই হাল আর যাহাই হউক দেশের শিক্ষাজীবনকে সামগ্রিকভাবে সমৃদ্ধ করিবে বলিয়া মনে হয় না। প্রাথমিক শিক্ষার গুরুত্ব সম্পর্কে নতুন করিয়া কিছু আলোচনা করা নিষ্প্রয়োজন। উন্নত শিক্ষার জন্য উন্নত প্রাথমিক শিক্ষা অপরিহার্য। কিন্তু সেই প্রাথমিক শিক্ষাব্যবস্থা যদি এভাবে সমস্যা ও সংকটের আবর্তে বিপন্ন ও পিষ্ট হইতে থাকে তাহা হইলে আমাদের মতো শিক্ষায় অনগ্রসর একটি দেশে তাহা হইবে নিতান্তই দুঃখের ও পরিতাপের বিষয়। প্রাথমিক শিক্ষাব্যবস্থার এই সমস্যাসমূহ দূর করার জন্য তাই অবিলম্বে উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ করা আবশ্যক।